



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০।
www.wewb.gov.bd

নম্বর-৪৯.০৪.০০০০.১২১.১১.০০১.২৫- ৫০

তারিখ: ১০/০৪/২০২৫খ্রিঃ।

বিজ্ঞপ্তি

প্রবাসী কর্মীর প্রতিবন্ধী সন্তানদের “প্রতিবন্ধী ভাতা” প্রদানের জন্য আবেদন আহ্বান

প্রবাসী কর্মীর সন্তানদের “প্রতিবন্ধী ভাতা” প্রদানের নিমিত্ত প্রতিবন্ধী সন্তানের পিতা/মাতা/অভিভাবকের নিকট হতে আবেদন আহ্বান করা যাচ্ছে।

(১) আবেদনের যোগ্যতা:

- ক) যে সকল প্রবাসী কর্মী বিএমইটি’র বহির্গমন ছাড়পত্র/ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের মেম্বারশিপ গ্রহণ করেছেন;
- খ) মৃত কর্মীর ক্ষেত্রে যাদের পরিবারকে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে আর্থিক অনুদান প্রদান করা হয়েছে;

(২) মাসিক ১০০০/- (এক) হাজার টাকা হারে বাৎসরিক ১২,০০০/- (বার হাজার) টাকা পাঁচ বছর মেয়াদের জন্য এ ভাতা প্রদান করা হবে এবং ১লা জানুয়ারি ২০২৫ থেকে তা কার্যকর হবে;

(৩) একজন প্রবাসী কর্মীর একাধিক সন্তানের ক্ষেত্রে পৃথকভাবে আবেদন করতে হবে;

(৪) আবেদনপত্রের সঙ্গে নিম্নোক্ত কাগজপত্র দাখিল করতে হবে-

- ক) প্রতিবন্ধী সন্তানের পিতা/মাতার পাসপোর্ট এর ফটোকপি (অনলাইন ও সরাসরি আবেদনের ক্ষেত্রে);
- খ) প্রবাসে মৃত্যুবরণকারী কর্মীর ক্ষেত্রে বাংলাদেশ দূতাবাস কর্তৃক ইস্যুকৃত NOC (অনলাইন ও সরাসরি আবেদনের ক্ষেত্রে);
- গ) সরাসরি আবেদনের ক্ষেত্রে প্রতিবন্ধী সন্তানের ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি এবং অনলাইনে আবেদনের ক্ষেত্রে ০১ (এক) কপি ছবি;
- ঘ) উপজেলা সমাজসেবা অফিস কর্তৃক প্রদত্ত সুবর্ণ নাগরিক পরিচয়পত্র/কার্ড এর সত্যায়িত ফটোকপি (অনলাইন ও সরাসরি আবেদনের ক্ষেত্রে);
- ঙ) প্রতিবন্ধী সন্তানের পিতা/মাতার বিএমইটি’র বহির্গমন ছাড়পত্রের পৃষ্ঠাসহ পাসপোর্ট এর ফটোকপি (সরাসরি আবেদনের ক্ষেত্রে প্রযোজ্য);
- চ) চেক গ্রহণকারী পিতা/মাতা/অভিভাবকের (ব্যাংক রাউটিং নাম্বার সহ) ব্যাংক হিসাবের স্টেটমেন্ট (অনলাইন ও সরাসরি আবেদনের ক্ষেত্রে);

(৫) আবেদনের প্রক্রিয়া:

ক) অনলাইনে আবেদন-

ক.১) অনলাইনে আবেদনের লিংক: <https://portal.wewb.gov.bd/>

ক.২) অনলাইনে আবেদন গ্রহণের সময় ও ঠিকানা: ০৪ মে ২০২৫ হতে ০৩ জুন ২০২৫ তারিখে মধ্যে;

খ) সরাসরি আবেদনের-

খ.১) শুধুমাত্র ০১-১২-২০০৪ইং তারিখের পূর্বে ইস্যুকৃত পাসপোর্টে ম্যানুয়াল বহির্গমন ছাড়পত্রের ক্ষেত্রে বোর্ডের সহকারি পরিচালক (তথ্য ও জনসংযোগ) এর নিকট মূল পাসপোর্ট উপস্থাপনপূর্বক সত্যায়ন করে আবেদনের সাথে জমা দিতে হবে;

খ.২) সরাসরি আবেদনের জন্য ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের প্রধান কার্যালয়/ বোর্ডের ওয়েবসাইট www.wewb.gov.bd / জেলা ওয়েলফেয়ার সেন্টার হতে আবেদনপত্র (নমুনা) বিনা মূল্যে সংগ্রহ করা যাবে;

খ.৩) সরাসরি আবেদন গ্রহণের সময় ও ঠিকানা: আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে প্রয়োজনীয় কাগজপত্রসহ ৩ জুন ২০২৫ তারিখের মধ্যে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ৯ম তলা (ডেসপাস শাখা), প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকার ঠিকানায় পৌঁছাতে হবে;

(৬) আবেদনে তথ্য ভুল প্রমাণিত হলে অথবা কোন তথ্য অসম্পূর্ণ থাকলে আবেদন বাতিল বলে গণ্য হবে;

(৭) প্রতিবন্ধী ভাতা প্রদান সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে;

(৮) ২০২১, ২০২২, ২০২৩ এবং ২০২৪ সালে “প্রতিবন্ধী ভাতা” প্রাপ্তদের আবেদন করার প্রয়োজন নেই;

(৯) যে কোন তথ্যের জন্য প্রবাসবন্ধু কলসেন্টারে (দেশ থেকে: ১৬১৩৫ টোল ফ্রি, বিদেশ থেকে +৮৮০৯৬১০১০১০৩০) যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।


(মোঃ গিয়াস উদ্দিন)
যুগ্মসচিব
পরিচালক (অর্থ ও কল্যাণ)
d.fw@wewb.gov.bd